তত্রান্বয়েন যথা—এতাবানেব লোকেঽস্মিন্ পুংসাং ধর্ম্মঃ পরঃ স্মৃতঃ। ভক্তিযোগো ভগবতি তন্নামগ্রহণাদিভিঃ॥ ৯২॥

তাহা হইলে এইপ্রকারে এই পরমসুন্দর মহাপুরাণে শ্রীমদ্ভাগবতে গুরু-শিষ্যভাবে যাঁহারা যাঁহারা কথাপ্রসঙ্গে প্রবৃত্ত হইয়াছিলেন, তাঁহাদের সকলেরই গুরুভাবে যে বাক্য উপদেশ করিয়াছেন এবং শিষ্যভাবে যে বাক্য শিক্ষা করিয়াছেন, সেই সমুদয় বাক্যেই শ্রীভগবদ্ভক্তিরই একান্ত অবশ্যকর্ত্তব্যতা নিশ্চিত হইয়াছেন। শ্রীশৌনকাদি ঋষিগণ যখন শ্রীসূত গোস্বামীর চরণের নিকটে হরিকথা বর্ণনের জন্য প্রার্থনা করিয়াছিলেন, সেই সময়েও ১।১৬।৬ শ্লোকে বলিয়াছেন—হে মহাভাগ! আপনি সেই কথাপ্রসঙ্গ করুন অর্থাৎ পরীক্ষিৎ মহারাজ দিগিজয় করিবার সময়ে যে কলিকে নিগ্রহ করিয়াছিলেন, সেই কথাপ্রসঙ্গে যদি শ্রীকৃষ্ণকথার প্রসঙ্গ থাকে অথবা শ্রীকৃষ্ণচরণকমলের মকরন্দ-আস্বাদনকারী ভক্তিটি থাকে তাহা হইলেই পরীক্ষিৎ মহারাজ-কর্ত্তৃক কলিনিগ্রহ প্রসঙ্গটি বর্ণন করুন অর্থাৎ সেই প্রসঙ্গবর্ণনে যদি শ্রীকৃষ্ণ বা শ্রীকৃষ্ণভক্তজনের কথাপ্রসঙ্গ থাকে, তাহা হইলেই বর্ণন করুন। আর যদি সেই কলি নিগ্রহ-প্রসঙ্গে শ্রীভগবানের অথবা তাঁহার রসিক ভক্তজনের কথাপ্রসঙ্গ না থাকে, তাহা হইলে সেই কথাপ্রসঙ্গ বর্ণন করিবার প্রয়োজন নাই। এই প্রার্থনানুসারে শ্রীমদ্ভাগবতে বর্ণিত সমুদয় ইতিহাস প্রসঙ্গেরও শ্রীভগবানের অথবা তাঁহার ভক্তজনের কথাপ্রসঙ্গ বর্ণন করাই একমাত্র মুখ্য তাৎপর্য্য বুঝিতে হইবে। অর্থাৎ শ্রীমদ্ভাগবতে ইতিহাস প্রসঙ্গেও শ্রীভগবানের ও তাঁহার ভক্তজনের কথা-প্রসঙ্গ বর্ণন ভিন্ন সাধারণ কাব্যের মত বিকল প্রসঙ্গ বর্ণিত হয়েন নাই। প্রত্যেক ইতিহাসবর্ণন প্রসঙ্গে যে ভগবানের ও ভক্তজনের কথাবর্ণন করাই একমাত্র মুখ্য তাৎপর্য্য, তাহা গ্রন্থবিস্তার ভয়ে বিস্তার করা হইল না। এতদ্ভিন্ন অর্থাৎ শ্রীসূত-শৌনক সংবাদভিন্ন অন্য সংবাদেও তাহাই দেখিতে পাওয়া যায়, অর্থাৎ একমাত্র ভক্তিযোগেরই একান্ত আবশ্যকতা দেখা যায়। তন্মধ্যে অন্বয়মুখে অর্থাৎ অবশ্যকর্ত্তব্যতা মুখে ৬।৩।২২ শ্লোকে ধর্ম্মরাজ যম নিজ ভৃত্যগণের প্রতিও ভক্তিযোগেরই অবশ্যকর্ত্তব্যতা উপদেশ করিয়াছেন। যথা—হে ভৃত্যগণ! এই সংসারে মানবমাত্রেরই ইহাই পরম-ধর্ম্মরূপে শাস্ত্রে বর্ণিত আছে যে—শ্রীভগবানের নাম শ্রবণ, কীর্ত্তন প্রভৃতি দ্বারা ভগবান শ্রীহরিতে ভক্তিযোগ লাভ করা। ইহা দ্বারা ভক্তিযোগেরই অবশ্যকর্ত্তব্যতা দেখান হইয়াছে। ইতি শ্লোকার্থ॥

পুংসাং জীবমাত্রাণাং পরঃ ধর্ম্মঃ সার্ব্বভৌমো ধর্ম্ম এতাবান্ স্মৃতঃ নৈতদধিকঃ।